

**প্রচলিত আইন ও আইনগত দলিল (অভিযোজন)**  
**আইন, ১৯৯৪**

১৯৯৪ সনের ৩ নং আইন

[১৮ মে, ১৯৯৪]

কতিপয় প্রচলিত আইন ও আইনগত দলিলে অভিযোজনকল্পে বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 (LIX of 1982) রাহিত হওয়ায় সংশ্লিষ্ট কতিপয় প্রচলিত আইন ও আইনগত দলিলে আনুষঙ্গিক অভিযোজন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম  
ও প্রবর্তন

১। (১) এই আইন প্রচলিত আইন ও আইনগত দলিল (অভিযোজন) আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৯৯১ সালের ২৩শে নভেম্বর তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

সংজ্ঞা

২। এই আইনে,-

(ক) “প্রচলিত আইন” অর্থ প্রচলিত কোন আইন বা অধ্যাদেশ;

(খ) “আইনগত দলিল” অর্থ প্রচলিত সংবিধিবদ্ধ বিধি, প্রবিধান, উপ-আইন, আদেশ, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত বা আইনের ক্ষমতাসম্পন্ন দলিল।

প্রচলিত আইন ও  
আইনগত দলিলে  
অভিযোজন

৩। (১) এই আইন প্রবর্তনের তারিখে বলবৎ সকল প্রচলিত আইন ও আইনগত দলিল, বিষয় বা প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে এই ধারার অধীন অভিযোজন সাপেক্ষে প্রযোজ্য হইবে।

(২) ইংরেজী ভাষায় প্রণীত কোন প্রচলিত আইনে “Upazila” শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, “thana” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ভাষায় প্রণীত কোন প্রচলিত আইনে “উপজেলা” শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, “থানা” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) ইংরেজী ভাষায় প্রণীত যে কোন আইনগত দলিলে “Upazila” শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, “thana” শব্দ দ্বারা, এবং বাংলা ভাষায় প্রণীত যে কোন আইনগত দলিলে “উপজেলা” শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, “থানা” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৪। এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা বা অসুবিধা দূরীকরণ সংশয় দেখা দিলে, সরকার উক্ত অসুবিধা বা সংশয় দূরীকরণার্থে, আদেশ দ্বারা, প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

---